



যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।



ফোনঃ ০২৪৭৭৭৬৪৯০৬ (অফিস), E-mail:jessorepbs2@yahoo.com, Web: pbs2.jessore.gov.bd

স্মারক নং-১৭.১২.৪১৬১.৫১১.০২.০০৮.২০২৩.

তারিখঃ ২৫ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর লক্ষীপাশা ও কালিয়া জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার(খন্ডকালীন) নিয়োগের নিমিত্তে নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে রেজিটার্ড এম.বি.বি.এস ডাক্তারদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। সমিতির আওতাভুক্ত থানা/এলাকায় সরকারী ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্যসেবা প্রদানে নিয়োজিত আছেন তাহাদিগকে রিটেইনার ডাক্তার পদের জন্য অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে।
- ০৩। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে।
- ০৪। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে
- ০৫। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসাবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৬। নিয়োগচুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষ কে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৭। ০৩(তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্তত: পক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদনপত্র আহবান করা হবে এবং সেই সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন, তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৮। সপ্তাহে ০২(দুই)দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থেকে সমিতির কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের কেউ অসুস্থ থাকলে কোন প্রকার ফি ব্যতিত চিকিৎসা পত্র প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকবার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৯। ব্যক্তিগত চেম্বারে সমিতির যেকোন কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের কেউ অসুস্থ থাকলে যেকোন সময় চিকিৎসার জন্য গেলে চিকিৎসা পত্র প্রদান করতে হবে। এজন্য কোন পৃথক ভিজিট বা ফি দেওয়া হবে না।
- ১০। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকায় যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেওয়া হবে)।
- ১১। **আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ**
আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে),পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি, সাম্প্রতিককালে তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

উপরোক্ত পদে নিয়োগপ্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে দরখাস্ত আগামী ১৮/০৯/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌছাতে হবে।


(মহম্মদ আব্দুল রহমান)
জেনারেল ম্যানেজার(চঃদাঃ)।

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ করা হল)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(পঃঅঃ)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪।
- ০৪। সিভিল সার্জন, যশোর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষীপাশা, কালিয়া, নড়াইল।
- ০৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লক্ষীপাশা, নড়াইল, নড়াইল।
- ০৭। ডি.জি.এম(নওয়াপাড়া/নড়াইল/কেশবপুর/কালিয়া/লক্ষীপাশা) জোনাল অফিস, যশোর পবিস-২।
- ০৮। এজিএম(ওএন্ডএম)রাজগঞ্জ/সাগরদাড়ি/সিংগাড়ী সাব-জোনাল অফিস, যশোর পবিস-২।
- ০৯। এজিএম(অর্থ-হিসাব), যশোর পবিস-২।
- ০১০। এজিএম(আইটি), যশোর পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০১১। নোটিশ বোর্ড, সদর দপ্তর, যশোর পবিস-২।

জেনারেল ম্যানেজার(চঃদাঃ)।